গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়
সিলেট বিভাগ, জেল রোড, বন্দরবাজার, সিলেট
www.prison.sylhetdiv.gov.bd

পত্র নং-৪৪.০৪.৯১০০.০৬৬.০১.০২১.২৬- ১১৮০ (৬)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ / ১২ এপ্রিল ২০২৬

**"অফিস আদেশ"**

যেহেতু, কারারক্ষী নং- ০০৬৩৬ মোঃ সাইফুর রহমান সিলেট কেন্দ্রীয় কারাগার-১ বাদাঘাট এ কর্মরত থাকাকালে গত ০৩.০৬.২০২৪ তারিখ কারাভ্যন্তরে সকাল তালামুক্ত থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত শিমুল ভবনের ৪র্থ তলায় ৮নং ওয়ার্ডে ডিউটি নির্ধারিত ছিল; এবং

যেহেতু, শিমুল ভবনের ৪র্থ তলায় ৮নং ওয়ার্ডে ডিউটি কালে তার দৃষ্টির অগোচরে ১নং ওয়ার্ড থেকে মানষিক বন্দি কয়েদি নং-৭৭৬/এ মোঃ ইউনুছ আলী শিমুল ভবনের ৬ষ্ঠ তলায় গেইটের রডের সাথে বিছানার চাদর দিয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যার প্রচেষ্ঠা চালান। সেখান থেকে সংশ্লিষ্ট বন্দিকে উদ্ধার করে দ্রুত চিকিৎসার জন্য হাসপাতালে পাঠানো হয়;

যেহেতু, তার দায়িত্ব কালীন সময় বর্ণিত মানষিক ওয়ার্ডের বন্দি ওয়ার্ড থেকে বেড়িয়ে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা প্রচেষ্টা সুযোগ পাওয়ার অভিযোগে গত ০৩.০৬.২০২৪ তারিখ বর্ণিত কারারক্ষীকে সাময়িক বরখাস্ত করতঃ সিলেট কেন্দ্রীয় কারাগার-১, বাদাঘাট এর পত্র নং-২২৮২ তারিখ- ০৪.০৬.২০২৪ মূলে দায়িত্ব-কর্তব্য অবহেলার অভিযোগে কারাবিধি ১ম খন্ডের ১৬২, ১৯২(১)(২)(৩), ১৯৩,৩৪৫ ও ৩৪৬(১)(৩)(৪)(৮)(৯)(১৯) অনুযায়ী তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করতঃ অভিযোগনামা হস্তান্তর করা হয়। তিনি যথা সময়ে সংশ্লিষ্ট প্রাথমিক অভিযোগের জবাব দাখিল করেন; এবং

যেহেতু, সংশ্লিষ্ট বিভাগীয় মামলাটির সুষ্ট তদন্তেরে স্বার্থে কারা উপ মহাপরিদর্শক, সিলেট এর পত্র নং-১৬৭৭(২) তারিখ- ২৪.০৮.২০২৪ মূলে সুনামগঞ্জ জেলা কারাগারের জেল সুপার জনাব মোহাম্মদ শফিউল আলমকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সংশ্লিষ্ট তদন্ত কর্মকর্তা গত ০৪.০৭.২০২৪ তারিখ সিলেট কেন্দ্রীয় কারাগার-১ বাদাঘাট এর অফিস কক্ষে অভিযুক্তের উপস্থিতিতে বিভাগীয় মামলাটি তদন্ত করেন; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা পত্র নং- ৫৯ তারিখ- ২৫.০১.২০২৬ মূলে তদন্ত রির্পোটে দায়িত্ব-কর্তব্য অবহেলার অভিযোগে প্রমাণ করে কারারক্ষী নং- ০০৬৩৬ মোঃ সাইফুর রহমান এর বিরুদ্ধে লঘু শাস্তির সুপারিশসহ প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, সংশ্লিষ্ট কারারক্ষী একজন মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত, শৃঙ্খলা বাহিনীর সদস্য হওয়া সত্ত্বেও তার ডিউটি কালীন সময় বর্ণিত বন্দি মানষিক অবর্জারবেশন ওয়ার্ড থেকে বেড়িয়ে তার চোখ ফাঁকি দিয়ে ১নং ওয়ার্ড থেকে ৬ষ্ঠ তলায় গিয়ে আত্মহত্যা প্রচেষ্ঠা চালাতে সক্ষম হয়েছে; এবং

সেহেতু, কারারক্ষী নং- ০০৬৩৬ মোঃ সাইফুর রহমান এর বিভাগীয় মামলার অভিযোগনামা, বিভাগীয় মামলার জবাব, আত্মপক্ষ সমর্থনমূলক জবানবন্দি, সাক্ষীদের সাক্ষ্য এবং তদন্তকারী কর্মকর্তার সুপারিশে কারাবিধি ১ম খন্ডের ১৬২, ১৮৭, ১৯২(১)(২)(৩) ও ১৯৩ বিধি লঙ্ঘনের দায়ে একই বিধির ১৯৪ (৮) ধারা অনুযায়ী নিম্নোক্ত শাস্তি প্রদান করা হলো।

(ক) তার বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩(তিন) বছরের জন্য স্থগিত করা হলো।
(খ) সাময়িক বরখাস্তকালীন যে খোরাকি ভাতাদি পেয়েছেন তাই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।
(গ) স্থগিতকৃত বেতনভাতাদি বকেয়া প্রাপ্ত হবে না।

১২/৪/২০২৬

মোঃ ছগির মিয়া
কারা উপ মহাপরিদর্শক
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
ও
বিভাগীয় মামলা নিষ্পত্তিকারী কর্মকর্তা
সিলেট বিভাগ, সিলেট।

অঃপৃঃদ্রঃ

পত্র নং-৪৪.০৪.৯১০০.০৬৬.০১.০২১.২৬- ১১৩৫

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২ / ১২ এপ্রিল ২০২৬

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র জেল সুপার, সিলেট কেন্দ্রীয় কারাগার-১, বাদাঘাট।
৩। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।
৪। জেল সুপার, মৌলভীবাজার জেলা কারাগার।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইনটেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। কারারক্ষী নং- ০০৬৩৬ মোঃ সাইফুর রহমান, মৌলভীবাজার জেলা কারাগার।

১২/০৪/২৬

মোঃ আমিরুল ইসলাম
অতিরিক্ত উপ কারা মহাপরিদর্শক
ও
কারা উপ মহাপরিদর্শক (অঃ দাঃ)
সিলেট বিভাগ, সিলেট।